

৪২

৬

পিএসসি পরীক্ষার খাতা দেখা নিয়ে চলছে তুলকালাম কাণ্ড!

প্রতিনিধি আমতলী

বরেন্দ্র নগর আমতলীতে পিএসসি পরীক্ষার খাতা পরীক্ষণ নিয়ে চলছে তুলকালাম কাণ্ড। শিক্ষকরা বলছে খাতার কোর্ট (গোপন) নম্বর প্রকাশ করেছে শিক্ষা অফিস। শিক্ষা অফিস বলছে এটা একটি স্বতন্ত্র। পিএসসি পরীক্ষার্থীদের খাতা পরীক্ষণের জন্য মেলা শিক্ষা অফিস উপজেলা শিক্ষা অফিস থেকে খাতা পাঠানো হয়। এখাতা মেলা অফিস থেকে এক উপজেলায় খাতা অন্য উপজেলায় বন্টন করা হয়। এ নিয়ম অনুসারে আমতলী উপজেলায় খাতা বরেন্দ্র নগর উপজেলায় এবং আমতলীতে পাঠানো হয় বরেন্দ্র নগর উপজেলা শিক্ষা অফিসে। পরীক্ষার্থীদের খাতা পরীক্ষণ করার জন্য প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা কাজ শুরু করেছে। এনিকে একত্রীণ শিক্ষক খাতার গোপন কোর্ট নম্বর পেয়ে তার বিদ্যালয়ের পরীক্ষার্থীদের ভাসো ফলা ফলের জন্য মেন দরবার করতে। বলে অপর এক গ্রুপ শিক্ষক অভিযোগ করেছে। তাদের অভিযোগ পাশ্চা অভিযোগের কারণ অনুসন্ধান করতে গিয়ে বেহায়ে এসেছে। খান্নর বিদ্যাল। বঙ্গবন্ধুর সকাশে আমতলী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের একটি কক্ষ দেখা যায় শিক্ষকরা খাতা পরীক্ষণ করছে। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জেসমিন আহমদের কাছে গোপন কোর্ট নম্বর ফাঁস হওয়ার বিষয় জানতে চাইলে তিনি বলেন কোর্ট নম্বর ফাঁস হওয়া একটি দুর্ভাগ্য হয়েছে। তা হচ্ছে প্রতিটি খাতায় কোর্ট নম্বর বেয়া আছে। এ কোর্ট নম্বর আগে ও পরে হিসাব করলে

বিদ্যালয়ের সব পরীক্ষার্থীদের খাতার কোর্ট নম্বর পাওয়া যাবে। তিনি বেশ কয়েকটি খাতা এনে দেখান খাতাগুলোতে বিশেষ চিহ্ন ব্যবহার করা হয়েছে। তার ধারণা একটি চক্র একটি গটিয়ে দায় চাপাচ্ছে শিক্ষা অফিসের ওপর। শিক্ষা অফিসার বলেন তার হাতে তিনটি খাতা এসেছে। খাতার কোর্ট ও রোল নম্বর উল্লিখিত অংশ কেটে রাখেনি। পিএসসি পরীক্ষার্থী নাম অরুণা আহমদ রোল-১৬২৭ গোপন কোর্ট নম্বর ৯৫৯০১৯৪৮। এতেদাফি পরীক্ষার্থী সাইফুল রোল নং-২০০ গোপন কোর্ট ২২৮০০৫৪২। অপরদিকে অভিযোগকারী শিক্ষকরা (নাম প্রকাশে অনিচ্ছুক) বলেন বেশ কয়েকজন প্রধান শিক্ষক শিক্ষা অফিসের মাধ্যমে গোপন কোর্ট নম্বর সংগ্রহ করে তাদের পরীক্ষার্থীদের ভালো ফলাফল করতে তৎপর রয়েছে।